গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, মঙ্গলবার ২৪ মার্চ ২০১৫, ১০ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। চট্টগ্রাম ও রাজশাহীতে মেডিকেল বিশ্ববিদ্যালয় হচ্ছে : মন্ত্রিসভায় আইন অনুমোদন
২। বিএনপিসহ সব দল সিটি কর্পোরেশন নির্বাচনে আসবে : প্রধানমন্ত্রীর আশাবাদ
৩। বিনিয়োগ ও আমদানি বাড়াতে আগ্রহী ভিয়েতনাম
৪। ভুয়া চিকিৎসক চিহ্নিত করার অভিযান চলছে : স্বাস্থ্যমন্ত্রী
৫। হরতাল-অবরোধ হলেও এইচএসসি পরীক্ষা চলবে যথাসময়ে : শিক্ষামন্ত্রী
৬। অন্তঃসত্ত্বা নারী ও শিশুদের দেওয়া হবে আর্থিক সহায়তা
৭। তিন সিটি কর্পোরেশন নির্বাচনে ঋণখেলাপি প্রার্থীদের তথ্য চেয়েছে নির্বাচন কমিশন
৮। কানাডার বাজারে শুল্কমুক্ত সুবিধা অব্যাহত থাকবে
৯। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ সিটি কর্পোরেশন নির্বাচন চায় ইলেকশন ওয়ার্কিং গ্রুপ
১০। যক্ষ্মা নিয়ন্ত্রণে সফলতার ঝুঁকি বাড়াচ্ছে এমডিআর টিবি : আজ বিশ্ব যক্ষ্মা দিবস
১১। সীমান্তবর্তী ফেনসিডিল কারখানার তালিকা ভারতের কাছে হস্তান্তর

চলমান পাতা/২

১। চট্টগ্রাম ও রাজশাহীতে মেডিকেল বিশ্ববিদ্যালয় হচ্ছে : মন্ত্রিসভায় আইন অনুমোদন

চট্টগ্রাম ও রাজশাহী মহানগরীতে দুই মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে আইনের খসড়ায় সায় দিয়েছে সরকার। এর মধ্যে 'চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন ২০১৫' এবং 'রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন ২০১৫' এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ২৩ মার্চ সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৩)।

২। বিএনপিসহ সব দল সিটি কর্পোরেশন নির্বাচনে আসবে : প্রধানমন্ত্রীর আশাবাদ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আসন্ন ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর ও চট্টগ্রাম এই তিন সিটি কর্পোরেশন নির্বাচনে বিএনপিসহ সব দল অংশ নেবে বলে আশাবাদ ব্যক্ত করে বলেন, সব দল নির্বাচনে আসবে বলেই মনে হচ্ছে। ভোটাধিকার প্রয়োগ করে জনগণ তাদের মতের প্রতিফলন ঘটাবেন এটাই সবার প্রত্যাশা। গতকাল ২৩ মার্চ সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। বৈঠক সূত্র এ তথ্য জানিয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৩), যায়যায়দিন (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.৩)।

৩। বিনিয়োগ ও আমদানি বাড়াতে আগ্রহী ভিয়েতনাম

আরও বেশি পণ্য আমদানি করে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি কমাতে ভিয়েতনামকে আহ্বান জানালেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। মন্ত্রী বলেছেন, ভিয়েতনামের উদ্যোক্তারা বালাদেশের ওষুধ, চামড়া ও চামড়াজাত পণ্য, কাপড়, সিরামিক, টাইলস ও তৈরি পোশাক সাশ্রয়ী মূল্যে আমদানি করতে পারেন। এতে ভিয়েতনামের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি কমে আসবে। বাংলাদেশ সফররত ভিয়েতনামের বাণিজ্য ও শিল্পবিষয়ক ভাইস মিনিস্টার হোয়াং কোয়াক বুয়াংয়ের নেতৃত্বে একটি প্রতিনিধিদলের সঙ্গে এক বৈঠকে শিল্পমন্ত্রী এই আহ্বান জানান। শিল্প মন্ত্রণালয়ে গতকাল ২৩ মার্চ সোমবার বৈঠকটি অনুষ্ঠিত হয়। মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। সূত্র-প্রথম আলো (পৃ.১২, ক.১), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), সংবাদ (পৃ.১৪,ক.৩), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

৪। ভুয়া চিকিৎসক চিহ্নিত করার অভিযান চলছে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, ভুয়া চিকিৎসক এবং ক্লিনিক-হাসপাতাল চিহ্নিত করার অভিযান চলছে। বাংলাদেশ মেডিক্যাল এণ্ড ডেন্টাল কাউন্সিল আইন-২০১০ অনুযায়ী মোবাইল কোর্টের মাধ্যমে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে। আর হাসপাতালে রোগীর লাশ আটকিয়ে চিকিৎসা প্রদান বাবদ অর্থ আদায়ের কোনো অভিযোগ উত্থাপিত হলে তাৎক্ষণিকভাবে সরেজমিনে তদন্ত পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল ২৩ মার্চ সোমবার সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তিনি এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১)।

৫। হরতাল-অবরোধ হলেও এইচএসসি পরীক্ষা চলবে যথাসময়ে : শিক্ষামন্ত্রী

এইচএসসি পরীক্ষা ঘোষিত সূচি অনুযায়ীই হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, সূচি অনুযায়ী পরীক্ষা হবে, এটা বলতে পারেন। অন্য কিছু চিন্তা না করে সূচি অনুযায়ী এইচএসসি পরীক্ষার প্রস্তুতি নিতে পরীক্ষার্থীদের প্রতি আহ্বানও জানান। মন্ত্রী গতকাল ২৩ মার্চ সোমবার সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৩)। ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। অন্তঃসত্ত্বা নারী ও শিশুদের দেওয়া হবে আর্থিক সহায়তা

অন্তঃসত্ত্বা নারী ও শূন্য থেকে পাঁচ বছর বয়সী শিশুদের স্বাস্থ্য পরিস্থিতি উন্নয়নে আর্থিক প্রণোদনা দেওয়ার উদ্যোগ নিয়েছে সরকার। আগামী মাস থেকে প্রাথমিকভাবে সাতটি জেলায় ২ হাজার ৩৭৭ কোটি টাকার এ প্রকল্প বাস্তবায়ন শুরু হবে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহযোগিতায় স্থানীয় সরকার মন্ত্রণালয় এ প্রকল্প বাস্তবায়ন করবে। গতকাল ২৩ মার্চ সোমবার সচিবালয়ে দুই মন্ত্রণালয়ের মধ্যে এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.১), যায়যায়দিন (পৃ.২,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.৪)।

৭। তিন সিটি কর্পোরেশন নির্বাচনে ঋণখেলাপি প্রার্থীদের তথ্য চেয়েছে নির্বাচন কমিশন

ঢাকা দক্ষিণ, উত্তর ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে সম্ভাব্য প্রার্থীদের মধ্যে যারা ঋণখেলাপি তাদের তথ্য চেয়ে বাংলাদেশ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল ২৩ মার্চ সোমবার নির্বাচন কমিশন সচিব স্বাক্ষরিত ওই চিঠি সংশ্লিষ্ট দফতরগুলোতে পাঠানো হয়েছে। একই দিন অপর এক চিঠিতে কমিশনের অনুমতি ছাড়া নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের কোনো ধরনের রদবদল ও পদোন্নতি না দেওয়া এবং নির্বাচন পরিচালনায় প্রয়োজনীয় লোকবল চাওয়া হয়েছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কাছে। নির্বাচন ব্যবস্থাপনা শাখার কর্মকর্তারা এ তথ্য নিশ্চিত করেছেন। ঢাকা দক্ষিণ ও উত্তর এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে আচরণবিধি

প্রতিপালন দেখভালে ৫৭ জন ম্যাজিস্ট্রেট নিয়োগ দিতে জনপ্রশাসন এবং আইন মন্ত্রণালয়কে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩), সংবাদ (পৃ.১,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৩), নিউ এজ (পৃ.১,ক.২)।

৮। কানাডার বাজারে শুল্কমুক্ত সুবিধা অব্যাহত থাকবে

তৈরি পোশাক শিল্পে সব ধরনের সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশ্বাস দিয়েছেন বাংলাদেশে নিযুক্ত কানাডার হাইকমিশনার বেনওয়া পিয়ের লাঘামে। গতকাল ২৩ মার্চ সোমবার বিজিএমইএ সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ আশ্বাস দেন। কানাডিয়ান হাইকমিশনার বলেন, কানাডার বাজারে বাংলাদেশের যেসব পণ্যের শুল্কমুক্ত সুবিধা রয়েছে তা অব্যাহত থাকবে। তিনি বলেন, আগামী ২০২১ সালের মধ্যে বিশ্ব বাজারে তৈরি পোশাক রপ্তানি ৫০ বিলিয়ন ডলারে উন্নতির যে লক্ষ্যমাত্রা নিয়েছে তা বাস্তবায়নে চলমান শুল্কমুক্ত সুবিধা কাজে লাগাতে পারে বাংলাদেশ। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.১), প্রথম আলো (পৃ.১২,ক.৩), সমকাল (পৃ.১৪,ক.৩), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

৯। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ সিটি কর্পোরেশন নির্বাচন চায় ইলেকশন ওয়ার্কিং গ্রুপ

সব দলের অংশগ্রহণ এবং সব প্রার্থীর সমান সুযোগ দিয়ে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ সিটি কর্পোরেশন নির্বাচন আয়োজন করার আহ্বান জানিয়েছেন ইলেকশন ওয়ার্কিং গ্রুপ (ইডব্লিউজি)। তাদের পক্ষ থেকে বলা হয়, গত দশম সিটি কর্পোরেশন নির্বাচন ও এর পরেই উপজেলা নির্বাচনের পর নির্বাচনী ব্যবস্থার ওপর মানুষের আস্থা হারিয়ে গেছে। আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার মাধ্যমে, সেই আস্থা ফিরিয়ে এনে মানুষের বিশ্বাসকে পুনঃপ্রতিষ্ঠা করতে হবে নির্বাচন কমিশনকে। গতকাল ২৩ মার্চ সোমবার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনের পক্ষ থেকে এ আহ্বান জানানো হয়। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.৩,ক.৩), ইত্তেফাক (পৃ.২,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৫), নিউ এজ (পৃ.১,ক.৩)।

১০। যক্ষ্মা নিয়ন্ত্রণে সফলতার ঝুঁকি বাড়াচ্ছে এমডিআর টিবি : আজ বিশ্ব যক্ষ্মা দিবস

দেশে যক্ষ্মা নিয়ন্ত্রণের সফলতায় ঝুঁকি বাড়াচ্ছে ওষুধ প্রতিরোধী যক্ষ্মা (এমডিআর টিবি)। ২০১৪ সাল পর্যন্ত দেশে এমডিআর যক্ষ্মা রোগী শনাক্ত হয়েছে ৪ হাজার ৭০০। তবে এ যক্ষ্মায় আক্রান্তের সংখ্যা প্রায় ১০ হাজার বলে অনুমান করছেন বিশেষজ্ঞরা। চিকিৎসার বাইরে থেকে যাওয়া ওইসব রোগীরা যক্ষ্মা নিয়ন্ত্রণের সফলতায় ঝুঁকি বাড়াচ্ছে। এ যক্ষ্মায় আক্রান্তদের চিকিৎসায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) স্বীকৃত (২০ থেকে ২৪ মাসের) পদ্ধতির থেকে দেশে স্বল্প পরিসরে ৯ মাসের যে চিকিৎসা পদ্ধতি চালু রয়েছে তাতে সাফল্যের হার বেশি। গতকাল ২৩ মার্চ সোমবার বিশ্ব যক্ষ্মা দিবস উদ্‌যাপনের প্রাক্কালে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে বক্তারা এসব কথা বলেন। 'যক্ষ্মা খুঁজবো ঘরে ঘরে, সুস্থ করবো চিকিৎসা করে' এই প্রতিপাদ্য নিয়ে আজ ২৪ মার্চ মঙ্গলবার পালিত হচ্ছে বিশ্ব যক্ষ্মা দিবস। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), নিউ এজ (শেষ পৃ.,ক.৪)।

১১। সীমান্তবর্তী ফেনসিডিল কারখানার তালিকা ভারতের কাছে হস্তান্তর

প্রতিবছর লাখ লাখ বোতল ফেনসিডিল ভারত থেকে পাচার হয়ে বাংলাদেশে ঢুকছে। এসব ফেনসিডিলের বেশিরভাগ কারখানা ভারতীয় সীমান্তবর্তী এলাকায় অবস্থিত। কারখানাগুলো বন্ধের সুপারিশ জানিয়ে এ সংক্রান্ত একটি তালিকা সফররত ভারতীয় প্রতিনিধিদলের হাতে তুলে দেওয়া হয়েছে। একই সঙ্গে দুই দেশ মাদক পাচারকারীদের তালিকাও একে অপরের কাছে হস্তান্তর করেছে। ঢাকায় অনুষ্ঠিত ভারত ও বাংলাদেশের মাদকদ্রব্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মহাপরিচালক পর্যায়ের বৈঠকে এ তালিকা হস্তান্তর করা হয়। দু'দিনব্যাপী বৈঠক শেষে গতকাল ২৩ মার্চ সোমবার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের প্রধান কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে উভয় দেশের কর্মকর্তারা জানান, এখন থেকে দুই দেশ মাদকের বিরুদ্ধে আরও জোরালোভাবে কাজ করবে। এ লক্ষ্যে দুই দেশ ১১টি বিষয়ে যৌথ ইশতেহার স্বাক্ষর করেছে। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.২), সমকাল (পৃ.১৭,ক.৩)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : আইনের শাসনের স্বার্থে ৫৪ ধারার অপব্যবহার করে গ্রেফতার বাণিজ্য বন্ধে শুধু নির্দেশ নয় দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ারও সুপারিশ;

খ. ইত্তেফাক : বাংলাদেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচিতে সংযুক্ত নিউমোককাল ভ্যাক্সিন (পিসিভি) ও ইনঅ্যাক্টিভেটেড পোলিও ভ্যাক্সিন (আইপিভি) টিকা সফলভাবে বাস্তবায়িত হওয়ার প্রত্যাশা;

গ. জনকণ্ঠ : এইচএসসি, 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা রাজনৈতিক কর্মসূচির বাইরে রাখার সুপারিশ;

ঘ. সংবাদ : প্রথম আলোর সাংবাদিকের ওপর পুলিশের নির্যাতনের প্রসঙ্গ তুলে ধরে সাংবাদিক অপরাধী হলে অপরাধের বিচার আদালত করবে পুলিশ নয় বলে অভিমত;

ঙ. সমকাল : মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র সংসদ 'স্টুডেন্টস কেবিনেট' চালুর পাশাপাশি কলেজ-বিশ্ববিদ্যালয়েও ছাত্র সংসদ নির্বাচনের পথের বাধাগুলো দূর করার সুপারিশ;

চ. যুগান্তর, ইত্তেফাক : নিরাপদ পানি সংকট মোকাবিলায় জনসচেতনতা ও যথাযথ উদ্যোগ গ্রহণের আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : সাম্প্রতিক সময়ে নতুন করে সহিংসতায় ঢাকা মেডিকেলের বার্ন ইউনিটে ৪ জনের মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরো সতর্ক থাকার আহ্বান;

জ. নিউ এজ : সরকার বস্তিবাসীদের কল্যাণে শিক্ষা, স্বাক্ষ্য, বাসস্থান, নিরাপদ পানি, খাদ্য ও স্যানিটেশন সুবিধা নিশ্চিত করলে তারা অর্থনীতিতে আরো বেশি অবদান রাখতে পারবে বলে আশাবাদ ব্যক্ত;

ঝ. নিউজ টুডে : সামাজিক নিরাপত্তা জাল কর্মসূচিকে সফল করতে প্রকৃত দরিদ্রদের বাছাই, সুবিধা ভোগীদের তালিকা প্রকাশ এবং একটি শক্তিশালী ডাটাবেজ প্রয়োজন বলে অভিমত প্রকাশ;

ঞ. বাংলাদেশ টুডে : ঢাকার পরিবেশ এবং ড্রেইনেজ ব্যবস্থার উন্নয়নে বিদ্যমান জলাভূমি সংরক্ষণে যেকোনো ধরনের দখলদারিত্ব অবসানে সরকারকে কঠোর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে হাউজিং কোম্পানির রাহুগ্রাস থেকে ফসলি জমি ও জলাশয় রক্ষা করতে না পারলে পরিবেশের ভারসাম্য রক্ষা করা কঠিন হয়ে পড়বে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত ‘দরিদ্র মেধাবীরা কীভাবে পড়বে?’ শিরোনামের নিবন্ধে উমর ফারুক গরিব মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা ব্যয় নির্বিঘ্ন করতে না পারলে শিক্ষা প্রকৃত আলো ছড়াতে ব্যর্থ হবে বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/মরজিনা/বিপুল/২০১৫/৯.০০ ঘণ্টা